# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৯৭

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ৮. সকাল বেলা কোন দু'আ পড়বে- সে সম্পর্কে।

باب مَا يَقُولُ إِذَا أَصْبَحَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَوْفٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، قَالَ حَدَّثَنِي أَبِي، ـ قَالَ ابْنُ عَوْفٍ وَرَأَيْتُهُ فِي أَصْلِ إِسْمَاعِيلَ ـ قَالَ حَدَّثَنِي ضَمْضَمٌ، عَنْ شُرَيْحٍ، عَنْ أَبِي مَالِكٍ، قَالَ قَالُوا يَا رَسُولَ اللَّهِ حَدِّثْنَا بِكَلِمَةٍ، نَقُولُهَا إِذَا أَصْبَحْنَا وَأَمْسَيْنَا وَاضْطَجَعْنَا فَأَمَرَهُمْ أَنْ يَقُولُوا : اللَّهُمَّ فَاطِرَ السَّمَوَاتِ وَالأَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ رَبُّ كُلِّ شَىْءٍ وَالْمَلاَئِكَةُ يَشْهَدُونَ أَنَّكَ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ فَإِنَّا نَعُوذُ بِكَ مِنْ شَرِّ أَنْفُسِنَا وَمِنْ شَرِّ الشَّيْطَانِ الرَّجِيمِ وَشِرْكِهِ وَأَنْ نَقْتَرِفَ سُوءًا عَلَى أَنْفُسِنَا أَوْ نَجُرَّهُ إِلَى مُسْلِمٍ .
قَالَ أَبُو دَاوُدَ وَبِهَذَا الإِسْنَادِ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا أَصْبَحَ أَحَدُكُمْ فَلْيَقُلْ أَصْبَحْنَا وَأَصْبَحَ الْمُلْكُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَ هَذَا الْيَوْمِ فَتْحَهُ وَنَصْرَهُ وَنُورَهُ وَبَرَكَتَهُ وَهُدَاهُ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا فِيهِ وَشَرِّ مَا بَعْدَهُ ثُمَّ إِذَا أَمْسَى فَلْيَقُلْ مِثْلَ ذَلِكَ " .

বাংলা

৪৯৯৭. মুহাম্মাদ ইবন আওফ (রহঃ) .... আবূ মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার সাহাবীগণ বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! আপনি আমাদের এমন একটা দু’আ শিখিয়ে দেন, যা আমরা সকাল, সন্ধ্যা ও রাতে শোবার সময় পড়তে পারি। তখন তিনি তাদের এ দু’আ পড়ার নির্দেশ দেনঃ হে আল্লাহ্! আপনি স্রষ্টা যমীন ও আসমানের, আপনি প্রকাশ্যে- অপ্রকাশ্য সব কিছুর জ্ঞাতা, আপনি সব কিছুর রব। আর ফেরেশতারা সাক্ষ্য দেয় যে, আপনি ছাড়া আর কোন ইলাহ নেই। আমরা আমাদের নাফসের অনিষ্টতা থেকে আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি এবং অভিশপ্ত শয়তানের ক্ষতি থেকে ও তার সাথীদের অনিষ্ট থেকে আপনার সাহায্য চাচ্ছি। আর আমরা যেন কোন গুনাহ না করি এবং এবং কোন মুসলিমকে যেন গুনাহে লিপ্ত হতে না দেই।

ইমাম আবূ দাউদ (রহঃ) এরূপ বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন

তোমাদের কেউ সকাল বেলায় উপনীত হয়, তখন সে যেন বলেঃ আমরা সকালে উপনীত হয়েছি এবং আল্লাহ্‌র বাদশাহীর সব কিছু সকালে পৌছেছে, যিনি রব সারা জাহানের। হে আল্লাহ্! আমি আপনার কাছে এ দিনের কল্যাণ, বিজয়, সাহায্য, নূর, বরকত ও হিদায়াত চাচ্ছি; আর আমি আপনার কাছে এ দিনের অনিষ্টতা থেকে এবং এর পরের ক্ষতি থেকে সাহায্য চাচ্ছি। এরপর যখন সন্ধ্যায় উপনীত হবে, তখন তুমি এরূপ বলবে।

## English

Narrated AbuMalik:

The people asked: Tell us a word which we repeat in the morning, evening and when we rise.

So he commanded us to say: "O Allah! Creator of Heavens and Earth; Knower of all that is hidden and open; Thou art the Lord of everything; the angels testify that there is no god but Thee, for we seek refuge in Thee from the evil within ourselves, from the evil of the Devil accused and from the evil of his suggestion about partnership with Allah, and that we earn sin for ourselves or drag it to a Muslim."

AbuDawud said:

And through the same chain of transmitters the Messenger of Allah (ﷺ) said: When one rises in the morning, one should say: "We have reached the morning, and in the morning the dominion belongs to Allah, the Lord of the universe. O Allah! I ask Thee for the good this day contains, for conquest, victory, light, blessing and guidance during it; and I seek refuge in Thee from the evil it contains and the evil contained in what comes after it." In the evening he should say the equivalent.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ মালিক আল আশ্‘আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37103

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন